Poripotro 1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ অধিশাখা।

নং-০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-৩১৬ তারিখ: ২৫/০৯/২০১৮ খ্রি.

পরিপত্র

বিষয়: কোন কর্মচারীর নির্দিষ্ট সময়ের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতাদেশ এবং বিনা বেতনে ছুটি মঞ্জুরীর ক্ষেত্রে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর আওতায় বার্ষিক বর্ধিত বেতনের তারিখ নির্ধারণ।

১। কোন কর্মচারীকে বিভাগীয় মামলা/ শৃংখলা পরিপন্থী আচরণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট সময়ের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতাদেশ প্রদান করলে তা কার্যকর করার ক্ষেত্রে নিম্নরুপ পদ্ধতি অনুসরণীয় হবে:

(ক) বেতন বৃদ্ধি স্থগিতের মেয়াদ এক বা একাধিক পূর্ণ বছর হলে পরবর্তী ০১ জুলাই তারিখ থেকে দন্ডাদেশে উল্লিখিত সংখ্যক বছর তিনি বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) প্রাপ্য হবেন না;

(খ) বেতন বৃদ্ধি স্থগিতাদেশের মেয়াদ এক বছরের অংশ বিশেষ হলে পরবর্তী ০১ জুলাই তারিখে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধিসহ বেতন নির্ধারণ করা হবে। তবে, ০১ জুলাই থেকে স্থগিতাদেশে উল্লিখিত মেয়াদের সমপরিমাণ সময় তিনি এই বার্ষিক বেতন বৃদ্ধির আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না এবং স্থগিতাদেশের নির্ধারিত মেয়াদ অতিক্রান্ত হবার পর বার্ষিক বেতন বৃদ্ধি কার্যকর হবে।

২। বিনা বেতনে ছুটি মঞ্জুরীর কারণে বর্ধিত বেতনের তারিখ নির্ধারণে নিম্নরুপ পদ্ধতি অনুসরণীয় হবে:

(ক) কোন কর্মচারীর অনুকূলে অর্থ বছরের আংশিক সময় বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হলে পরবর্তী ০১ জুলাই তারিখে নিয়মিত বার্ষিক বেতন বৃদ্ধিসহ তাঁর বেতন নির্ধারিত হবে; তবে, যতদিন সময় বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হয়েছে তিনি ততদিনের বার্ষিক বেতন বৃদ্ধির আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না;

(খ) বিনা বেতনে ছুটি মঞ্জুরের সময় পূর্ণ এক বছর বা তদূর্ধ্ব হলে প্রতি পূর্ণ বছরের জন্য ১ বছর বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন না এবং বছরের আংশিক সময়ের জন্য উপরের ২(ক) নং ক্রমিকের পদ্ধতি অনুসরণ করতে হবে।

উদাহরণ-১ : কোন কর্মচারীর অনুকূলে কোন এক অর্থ বছরের ৫০ দিন বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হলে পরবর্তী ০১ জুলাই তারিখে বার্ষিক বর্ধিত বেতনসহ তাঁর বেতন নির্ধারণ করা হবে, কিন্তু জুলাই ও আগস্ট মাসের বেতনের সাথে তিনি প্রথম ৫০ দিনের বর্ধিত বেতনের সুবিধা প্রাপ্য হবেন না।

উদাহরণ-২ : কোন কর্মচারীর অনুকূলে ২ বছর ৩ মাস বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হলে প্রথম ২ বছর তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি যোগ করা হবে না। তৃতীয় বছরের ০১ জুলাই তারিখে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধিসহ বেতন নির্ধারণ করা হবে, তবে প্রথম তিন মাস তিনি এই বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হবেন না।

(শরিফ মোঃ মাসুদ)
উপ সচিব
ফোনঃ ৯৫৫০৭৮১

চলমান পাতা/০২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

০২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব ----------মন্ত্রণালয়/ বিভাগ (সকল)। তাঁর আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ বরিশাল/ রংপুর বিভাগ। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৭। জেলা প্রশাসক,----------জেলা (সকল)।

০৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৯। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

১১। অফিস কপি।